২৮৭৩

দৈনিক বাংলা

তারিখ 23 NOV 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

12

### রাউজানে ছাত্রদল কর্মী গুলিবিদ্ধ

# তিনটি রাইফেলসহ ৬ জন ছাত্রলীগ কর্মী গ্রেফতার

স্টাফ রিপোর্টার ঃ চট্টগ্রাম, ২২ নবেম্বর।—চট্টগ্রামের রাউজান থানায় আজ সারাদিন ধরে উত্তেজনা বিরাজ করছে। সকালে ছাত্রদলের কর্মীরা এক সভার প্রচার চালানোর সময় ছাত্রলীগের কর্মীরা বেবীট্যাক্সী লক্ষ্য করে গুলি ছুড়লে ওমর ফারুক নামে ছাত্রদলের একজন কর্মী গুলিবিদ্ধ হয়। তার অবস্থা গুরুতর। পুলিশ এ সময় ঘটনাস্থলে উপস্থিত ৬ জন ছাত্রলীগ কর্মীকে তিনটি রাইফেল ও ১১ রাউন্ড গুলিসহ হাতেনাতে গ্রেফতার করে। গ্রেফতারকৃতরা হচ্ছে রূপম পালিত, রাশেদ খান, মোঃ দিদার, ফোরকানউদ্দীন, মোঃ খালেদ, ইকবাল হাসান। তাদের বিরুদ্ধে অস্ত্র আইন ও সন্ত্রাস দমন আইনে মামলা দায়ের করা হয়েছে।

এদিকে আজ সকাল সাড়ে নয়টায়

(আটের পাতায় ৭-এর কঃ দ্রঃ)

### তিনটি রাইফেলসহ ৬ জন

( প্রথম পাতার পর )

এনডিপির কর্মীরা রাউজান কলেজের সামনে ছাত্রলীগের কর্মীদের উপর গুলি চালালে কলেজ শাখার সম্পাদক জসীম-উদ্দীন গুরুতর আহত হয়। তার অবস্থা আশংকাজনক। এ ঘটনার পর ছাত্রলীগ কর্মীরা রাউজান সড়কে ব্যারিকেড দেয়। ফলে যানবাহন চলাচল বন্ধ থাকে রাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত।

**বন্ড লাইসেন্স ইস্যু বন্ধ**

রফতানিমুখী শিল্প স্থাপনে আগ্রহী চট্টগ্রাম ভিত্তিক আবেদনকারীদের বন্ড লাইসেন্স ইস্যুর প্রয়োজনীয় সকল শর্ত পূরণ করা সত্ত্বেও গত ছয় মাস যাবৎ লাইসেন্স ইস্যু বন্ধ রাখা হয়েছে। দেশের অন্যত্র নিয়মিত লাইসেন্স ইস্যু করা হলেও চট্টগ্রাম শুল্ক কর্তৃপক্ষ লাইসেন্স ইস্যু না করায় চট্টগ্রামের ব্যবসায়ী মহলে ক্ষোভ সৃষ্টি হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, জাতীয় রাজস্ব বোর্ড বা অর্থ মন্ত্রণালয়ের এ ব্যাপারে কোন নিষেধাজ্ঞা নেই। বন্ড লাইসেন্স ইস্যু বন্ধ থাকায় চট্টগ্রাম এলাকার একশ ভাগ রফতানিমুখী এবং আংশিক রফতানিমুখী নতুন শিল্প স্থাপন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে। চট্টগ্রাম শিল্প ও বণিক সমিতির সভাপতি আলী আহমদ এই কার্যক্রমকে অযৌক্তিক ও বৈষম্যমূলক বলে আখ্যায়িত করে যোগ্য আবেদন-কারীদের অনতিবিলম্বে বন্ধ লাইসেন্স ইস্যু করার আহবান জানান। তিনি বলেন, এই ধরনের কার্যকলাপ শিল্প বিনিয়োগ ক্ষেত্রে বর্তমান সরকারের অবাধ নীতির পরিপন্থী।